

পরিকল্পনং ২০৭

সঞ্চয়ী চার কিস্তি বীমা পরিকল্পনা

এ পরিকল্পনে চার কিস্তিতে বীমার টাকা পরিশোধ করা হয়, ফলে বীমাবৃত্তের পক্ষে অনেক অনাকাঙ্ক্ষিত অর্থনৈতিক সমস্যার তাৎক্ষণিক মোকাবেলা করা সহজতর হয়ে উঠে। তাছাড়া বীমাগ্রাহক জীবিত অবস্থায় বীমার টাকা বিভিন্ন লাভজনক খাতে কিংবা গঠনমূলক কাজে খাটাতে পারেন। মেয়াদকালে বীমাবৃত্তের অকাল মৃত্যুতে পুরো বীমা অংকের টাকা মনোনীতককে পরিশোধ করা হয়। এ পরিকল্পনের অধীনে ১৬ বছর মেয়াদী পলিসি গ্রহণ করা যায়। নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রতি ৪ বছর পর পর অর্থাৎ ৪, ৮, ও ১২ বছর শেষে ১০% করে বীমা অংকের সর্বোচ্চ ৩০ % এবং মেয়াদ পূর্তিতে বোনাসসহ অবশিষ্ট বীমা অংক প্রদান করা হবে। মেয়াদ পূর্তির আগে এক বা একাধিক কিস্তির টাকা প্রদান করার পরও যদি বীমাবৃত্তের মৃত্যু ঘটে তবুও বীমা অংকের সম্পূর্ণ টাকা অর্জিত বোনাসসহ মনোনীতককে পরিশোধ করা হবে।